

উপজেলা পরিক্রমা

হোসেনপুর

॥ মোঃ মোবারক হোসেন ভূইয়া ॥
সবুজ শ্যামলী মায়া ঘেরা হোসেনপুর
উপজেলা কিশোরগঞ্জ জেলা সদর
থেকে ৯ মাইল পশ্চিমে ব্রহ্মপুত্র নদীর
তীরে একটি মনোরম পরিবেশে
অবস্থিত। এ উপজেলার আয়তন ৪৬
বর্গমাইল। গ্রামের সংখ্যা ৯৫টি।
লোকসংখ্যা ১ লাখ ৩৯ হাজার ৪শ'
৫৪ জন। ইউনিয়ন ৬টি এবং
পরিবারের সংখ্যা ২১ হাজার ১৪৩
টি।

কৃষি

এ উপজেলার অধিবাসীরা কৃষির
উপরই নির্ভরশীল। সর্বমোট জমির
পরিমাণ ২৯৪৪০ একর। তার মধ্যে
অনাবাদী জমির পরিমাণ ২৩ হাজার
৩২৯ একর এবং অনাবাদী জমির
পরিমাণ ৬ হাজার ১শ' ১১ একর।
অধিকাংশ জমিই এক ফসলী। এর
মধ্যে সেচের আওতায় যে জমি আছে
তার পরিমাণ ৪ হাজার ৮শ' ৯৭
একর। এ উপজেলার প্রধান প্রধান
ফসলের মধ্যে ধান, পাট, আখ, সরিষা,
মশুর, গম, মরিচ, রসুন, পিয়াজ
ইত্যাদি। কৃষকরা কৃষির উপর
নির্ভরশীল। কিন্তু কৃষি ব্যবস্থা উন্নতির
জন্য তেমন কোন ব্যবস্থা নেয়া হয়নি।
ফলে, তাদের খাদ্যের অভাব-অনটন
লেগেই থাকে।

শিক্ষা

এ উপজেলার শিক্ষার হার ১৫.৬।
এখানে কলেজ ১টি। ফাজিল মাদ্রাসা
২টি। দাখিল মাদ্রাসা ৩টি, মাধ্যমিক
স্কুল-৭টি, নিম্ন মাধ্যমিক স্কুল ৫টি।
সরকারী প্রাইমারী ৫২টি, বেসরকারী

প্রাইমারী ৫টি ও স্বতন্ত্র এবতেদায়ী
৩৮টি রয়েছে। এ সমস্ত শিক্ষা
প্রতিষ্ঠানের প্রয়োজনীয় শিক্ষা
উপকরণ চেয়ার, টেবিলের অভাব
আছে।

যোগাযোগ

যোগাযোগের সুবিধার দিক দিয়ে
হোসেনপুর উপজেলা অনেক পিছিয়ে
আছে। মাত্র ৫ মাইল রাস্তা পাকা
আছে। তাও বর্তমানে জরাজীর্ণ অবস্থ
বিদ্যমান। সব কাঁচা রাস্তা। কাঁচ
রাস্তার মধ্যে অনেকগুলোই যানবাহন
চলাচলের উপযোগী নয়।

বিদ্যুৎ

এ উপজেলায় বিদ্যুৎ সরবরাহে
অনিয়ম বিদ্যমান। যে বিদ্যুৎ সরবরাহ
আছে তা থেকে হাসপাতাল,
উপজেলা কর্মকর্তা অফিস ও
উপজেলা শহরের কিছু লোক সুবিধা
পেয়ে থাকে।

চিকিৎসা

হোসেনপুর উপজেলা কেন্দ্রে একটি
মাত্র হাসপাতাল আছে। ডাক্তারদের
সংখ্যা কম। নিয়মিত ভাল ওষুধ
সরবরাহ হয় না। জটিল রোগের
চিকিৎসা হয় না।

হাট-বাজার

এ উপজেলায় ১৬টি হাট-বাজার
রয়েছে। এগুলোতে দৈনিক ও
সাপ্তাহিক হাট বসে। এসব
হাট-বাজারে প্রয়োজনীয় ঘর-দোর
নেই। বৃষ্টি নামলে ক্রেতাদের ভিজে
একাকার হতে হয়। কাঁদায় ভরে যায়
হাট-বাজারগুলো।